

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো-২য় পর্যায় (১ম সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.২৫.০১৬.২২. ০৭২

তারিখ: ১৫ জুলাই ২০২৫

বিষয় : ৩০ দিন মেয়াদী সেলাই ও এমব্রয়ডারী ট্রেডে প্রশিক্ষণে অংশগ্রহণের নিমিত্ত সুফলভোগী প্রশিক্ষণার্থী মনোনয়ন প্রদান।


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (ইরেসপো)-২য় পর্যায় (১ম সংশোধিত) প্রকল্পভুক্ত উপজেলাসমূহের সুফলভোগীদের আশ্রয়-কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে পল্লী উন্নয়ন একাডেমি, কোটালীপাড়া, গোপালগঞ্জ এ আগামী ০১/০৮/২০২৫ হতে ৩০/০৮/২০২৫ তারিখ পর্যন্ত ৩০ দিন মেয়াদী সেলাই ও এমব্রয়ডারী ট্রেডে প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে। উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণের নিমিত্ত নিম্নবর্ণিত ছকে সংযুক্ত তালিকা মোতাবেক উপজেলা হতে আগ্রহী সুফলভোগী সদস্যদের নামের তালিকা জরুরি ভিত্তিতে আগামী ২২/০৭/২০২৫ খ্রিষ্টাব্দ তারিখের মধ্যে প্রকল্প দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

ছক

ক্র. নং	সমিতির কোড নং	সদস্যের নাম ও আইডি নং	বয়স	শিক্ষাগত যোগ্যতা	মোবাইল নম্বর	মন্তব্য

প্রশিক্ষণার্থী নির্বাচনের ক্ষেত্রে আবশ্যিক বিষয়সমূহ:

১. বিশেষ সমিতির সদস্যদের অগ্রাধিকার প্রদান করতে হবে।
২. সদস্যদের বয়স ৪৫ বছরের নিচে এবং ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা অষ্টম শ্রেণি পাশ হতে হবে।
৩. ইত:পূর্বে ইরেসপো-১ম পর্যায় প্রকল্পের আওতায় সে সকল সদস্যদেরকে সেলাই ও এমব্রয়ডারী ট্রেডসহ দীর্ঘমেয়াদী প্রশিক্ষণ প্রদান করা হয়েছে তাদের প্রশিক্ষণার্থী হিসেবে মনোনয়ন প্রদান করা যাবে না।


মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক

ফোন: ০২-৪১০১০৩৪১

ই-মেইল: iresppwad@gmail.com

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,

বিআরডিবি, উপজেলা.....(প্রকল্পভুক্ত সংশ্লিষ্ট উপজেলা)।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা: (প্রকল্পভুক্ত সংশ্লিষ্ট জেলা)।
২. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৪. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, উপজেলা: (প্রকল্পভুক্ত সংশ্লিষ্ট উপজেলা)।
৫. অফিস নথি।